গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
শৃঙ্খলা-১ শাখা
www.mhapsd.gov.bd

তারিখ: ২৬ চৈত্র ১৪৩০ / ০৯ এপ্রিল ২০২৪

স্মারক নং- ৪৪.০০.০০০০.০৫৭.২৭.০১৯.২২-৪৯

# প্রজ্ঞাপন

জনাব মোঃ শাহেদ ফেরদৌস রানা (বিপি-৭৮০৬১১৩২৬৯) পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, খুলনা ও সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, এসপিবিএন-১ ঢাকা-এর বিরুদ্ধে অতিরিক্ত পুলিশ সুপার, এসপিবিএন-১ ঢাকা হিসাবে কর্মরত থাকাকালে গত ২৯-০৮-২০২০ তারিখে পুলিশ পরিদর্শক (সশস্ত্র) গোলাম মোস্তফা (বিপি-৬৭৮৫০২৮০৩৯), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) জনাব সৈয়দ আনিসুর রহমান (বিপি-৭৩০২০৫৮৩৩৬), এসআই (নিরস্ত্র)-১২০৮০ মোঃ নুর-এ-সরোয়ার রিপন (বিপি-৭৪৯৩০৭৫৪৬৭), এসআই (সশস্ত্র)-১২১২৬ আবু সাঈদ মোঃ ওবাইদুর রহমান (বিপি-৭৭৯৭০৮১১০২) এবং এসআই (সশস্ত্র)-১২৩৬০ মোঃ মানিক খান (বিপি-৮৪০৩০৯১৪৮৩)'দের সহায়তায় ০৩ (তিন) জন বহিরাগত ব্যক্তিকে অস্ত্রাগার পরিদর্শন করানো, অস্ত্রের বর্ণনা দিয়ে এবং তা সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক (Facebook)-এ সরাসরি সম্প্রচারের সুযোগ করে দেয়ার অভিযোগে গত ২৭-০৬-২০২২ তারিখ পুলিশ অধিদপ্তর, ঢাকা হতে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়। গত ১৮-০৯-২০২২ তারিখ তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৭(১)(খ) অনুযায়ী বিভাগীয় মামলা রুজুপূর্বক তাকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। তিনি গত ১০-১০-২০২২ তারিখ কারণ দর্শানোর জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তার আবেদনের পরিপ্রেক্ষিতে গত ০৭-১১-২০২২ তারিখ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৭(২) অনুসারে তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়।

০২। শুনানিকালে তার বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, উভয়পক্ষের বক্তব্য ও উপস্থাপিত অন্যান্য গুরুত্বপূর্ণ প্রমাণাদি পর্যালোচনায় অভিযোগ প্রমাণিত হলে গুরুদন্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি মোতাবেক অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য গত ১৯-০১-২০২৩ তারিখ তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা বিধিমতে সাক্ষ্য, সাক্ষীদের জেরা, উপস্থাপিত ভিডিওসহ সকল দলিলপত্রাদি পর্যালোচনা ও সরেজমিনে তদন্ত অন্তে গত ২৩-০৫-২০২৩ তারিখ তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী আনীত 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

০৩। আনীত অভিযোগ, লিখিত জবাব, শুনানিকালে উভয়পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন ও প্রাসঙ্গিক দলিলপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় কেন তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক চাকরি হতে বরখাস্ত বা অন্য কোন উপযুক্ত গুরুদন্ড প্রদান করা হবে না এ মর্মে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি মোতাবেক গত ১৩-০৬-২০২৩ তারিখ তাকে ২য় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়। গত ২০-০৭-২০২৩ তারিখ তিনি ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন।

০৪। অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ১ম ও ২য় কারণ দর্শানো নোটিশের জবাব, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য গুরুত্বপূর্ণ কাগজপত্রাদি পুনরায় পর্যালোচনায় তার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ খন্ডনের মতো কোন যুক্তি তিনি উপস্থাপন করতে সক্ষম হন নি। পরবর্তীতে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় উপস্থাপিত ভিডিও (Video)-টি সিআইডির ফরেনসিক বিভাগের বিশেষজ্ঞ দ্বারা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য বলা হলে গত ২৪-০৮-২০২৩ তারিখ সিআইডির ফরেনসিক বিভাগ কতৃক প্রেরিত প্রতিবেদনে উপস্থাপিত ভিডিও (Video)টি Edit (এডিট) করা হয়নি অর্থাৎ Video টি প্রকৃত (Genuine) মর্মে মতামত দেয়া হয়।

০৫। সার্বিক পর্যালোচনায় উক্ত কর্মকর্তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় 'অসদাচরণ (Misconduct)'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) এর উপ-বিধি (১)(খ) অনুসারে গুরুদন্ড হিসাবে তাকে 'বাধ্যতামূলক অবসর প্রদান'-এর প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়।

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ববর্তী পৃষ্ঠা হতে

সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(১০) বিধি এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ এর ৬ নং প্রবিধি মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশন-এর পরামর্শ চাওয়া হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন গত ০৩-০১-২০২৪ তারিখ ০৫ নম্বর স্মারকের পত্রে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(৩) এর উপ-বিধি (১)(ক) অনুযায়ী গুরুদন্ড হিসাবে 'বাধ্যতামূলক অবসর প্রদান'-এর দন্ড প্রদানের নিমিত্ত গৃহীত প্রাথমিক সিদ্ধান্ত চূড়ান্তকরণে পরামর্শ প্রদান করে।

০৬। মহামান্য রাষ্ট্রপতি নিয়োগকারী কর্তৃপক্ষ হিসাবে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৬) অনুসারে জনাব মোঃ শাহেদ ফেরদৌস রানা (বিপি-৭৮০৬১১৩২৬৯) পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, খুলনা ও সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, এসপিবিএন-১ ঢাকা-কে 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ডে দণ্ডিত করতে সদয় সম্মতি প্রদান করেন।

০৭। এমতাবস্থায়, জনাব মোঃ শাহেদ ফেরদৌস রানা (বিপি-৭৮০৬১১৩২৬৯) পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, খুলনা ও সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, এসপিবিএন-১ ঢাকা-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩) এর উপ-বিধি (১)(খ) অনুসারে তাকে 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ড প্রদান করা হলো।

জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

৯/৪/২৪

মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ
সিনিয়র সচিব

স্মারক নং-৪৪.০০.০০০০.০৫৭.০২৭.০১৯.২২-৪৯ (১৫/১)

তারিখ: ২৬ চৈত্র ১৪৩০ / ০৯ এপ্রিল ২০২৪

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। ।

০২। সিনিয়র সচিব/সচিব জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন/ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।

০৩। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি বর্ণিত কর্মকর্তার নিকট জারির অনুরোধসহ)।

০৪। অতিরিক্ত সচিব (আইন ও শৃঙ্খলা/উন্নয়ন), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

০৫। যুগ্মসচিব (শৃঙ্খলা), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

০৭। সিনিয়র সচিবের একান্ত সচিব (উপসচিব), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

০৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশনার জন্য এবং প্রকাশিত গেজেটের কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য বলা হলো)।

১০। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১১। জনাব মোঃ শাহেদ ফেরদৌস রানা (বিপি-৭৮০৬১১৩২৬৯) পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, খুলনা।

১২। অফিস কপি